গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১।
www.lawjusticediv.gov.bd

১৮ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ।

...১০.০০.০০০০.১২৩.০১১.০০২.১৪-৪৭৪ তারিখঃ ----------------------

০২ জুলাই, ২০১৫খ্রিষ্টাব্দ।

## প্রজ্ঞাপন

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের বিগত ০৭/০৪/২০১৪খ্রিঃ তারিখে জেএসসি/পনিদ/নিয়োগ-৭ম বিজেএস/১/২০১২/২১৪নম্বর স্মারকের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত নির্বাচিত প্রার্থীগণকে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে অস্থায়ী ভিত্তিতে জুডিসিয়াল সার্ভিসে সহকারী জজ পদে জুডিসিয়াল সার্ভিস (বেতন-ভাতাদি) আদেশ, ২০০৯ এর বেতন স্কেল ষষ্ঠ গ্রেডে ১৬০০০-৬০০x১৬-২৫৬০০ বেতনক্রম অনুসারে নিম্নলিখিত ভাবে নিয়োগ করা হলো এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত জেলায় সহকারী জজ (শিক্ষানবিস) হিসেবে পদায়ন করা হলোঃ-

| ক্রমিক নং | রোল নম্বর | পরীক্ষার্থীর পূর্ণ নাম | পিতার নাম/স্বামীর নাম | নিবাস | মেধা তালিকার অবস্থান | নিয়োগকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|---|
| ১. | ২২৪৩ | মোঃ সোয়েবুর রহমান | মোঃ মোসলেম উদ্দিন | সিরাজগঞ্জ | ৩২ নং | নাটোর |
| ২. | ২০৪ | তানযীম আলম তাবাসসুম | এ.কে.এম শামসুল আলম | রাজশাহী | ৫১ নং | নওগাঁ |

উক্তরূপে নিয়োগপ্রাপ্ত সহকারী জজ এর ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী প্রযোজ্য হবে, যথাঃ-

(ক) শিক্ষানবিস সহকারী জজ হিসেবে চাকুরীতে যোগদানের তারিখ হতে তিন মাস (পঁয়তাল্লিশ দিন সিনিয়র সহকারী জজ আদালতে, ত্রিশ দিন যুগ্ম জেলা জজ আদালতে এবং পনের দিন জেলা জজ আদালত/কার্যালয়ে) সংশ্লিষ্ট জেলা জজ এর তত্ত্বাবধানে আদালতের কার্যাবলী পরিচালনা সম্পর্কে প্রশিক্ষণ গ্রহণ করবেন;

(খ) এই নিয়োগপত্র অনুসারে যোগদানের তারিখ হতে ২(দুই) বৎসরের জন্য তিনি শিক্ষানবিস স্তরে থাকবেন। তবে স্থায়ীকরণের পূর্বে উক্ত মেয়াদ এক বা একাধিকবার অতিরিক্ত ২ বৎসর পর্যন্ত বৃদ্ধি করা যাবে;

(গ) শিক্ষানবিস মেয়াদে (বর্ধিত মেয়াদকালসহ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার কর্তৃক নির্ধারিত এক বা একাধিক প্রতিষ্ঠানে সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

ঘ। পরীক্ষা ও প্রশিক্ষণ সম্পর্কে শিক্ষানবিস সহকারী জজগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮ অনুসরণ করা হবে;

ঙ) শিক্ষানবিসকালে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হবার পর তাকে চাকুরীতে স্থায়ী (Confirm) করা হবে;

(চ) কোন শিক্ষানবিসের শিক্ষানবিস মেয়াদ বা বর্ধিত মেয়াদ থাকলে তা চলাকালে যে কোন সময় বা উহা শেষ হবার পরবর্তী ৬(ছয়) মাসের মধ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয়, বা ক্ষেত্রমত ছিল না কিংবা তাঁর কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই বা তিনি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হননি বা প্রশিক্ষণ সমাপ্ত করেননি তা হলে নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত মেয়াদ চলাকালে বা ক্ষেত্রমত উক্ত ৬(ছয়) মাসের মধ্যে শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাতে পারেন;

(ছ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজ-কে (ক) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ শুরু হবার পূর্বেই একজন জামানতদারসহ ৫০(পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বণ্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসিকালে অথবা শিক্ষানবিসিকাল উত্তীর্ণ হবার ০৩(তিন) বৎসরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন তা হলে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন এবং প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত সমুদয় অর্থ ফেরৎ দিতে তিনি বাধ্য থাকবেন;

(জ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজ যদি তাঁর ইস্তফা পত্র গৃহীত হবার পূর্বে অনুচ্ছেদ (ছ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকে তা হলে উপ-অনুচ্ছেদ (ছ) অনুযায়ী তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ Public Demands Recovery Act, 1913(Act III of 1913) এর বিধান অনুসারে আদায়যোগ্য হবে;

(ঝ) এই প্রজ্ঞাপন দ্বারা নিয়োগপ্রাপ্ত সহকারী জজ এর জ্যেষ্ঠতা/মেধা তালিকা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক প্রদত্ত সুপারিশ অনুসারে নির্ধারিত হয়েছে;

(ঞ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজ যদি কোন বিদেশী নাগরিককে বিবাহ করেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হন তা হলে তাঁর এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ট) শিক্ষানবিস সহকারী জজ এর চাকুরী সংক্রান্ত অন্যান্য বিষয়ে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৭ ও বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস( কর্মস্থল নির্ধারন, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা,২০০৭ এবং সরকারের প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের ক্ষেত্রে প্রযোজ্য নিয়মাবলী সংবিধানের ১১৬ অনুচ্ছেদ সাপেক্ষে অনুসরণ করা হবে

(ঃ) কোন শিক্ষানবিসকে চাকুরীতে স্থায়ী করা হলে পেনশন, অর্জিত ছুটি ও অন্যান্য বিষয়ে শিক্ষানবিসি মেয়াদ তার মোট চাকুরীকালে অন্তর্ভুক্ত হবে;

(ঙ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্ট বর্ণিত হয়নি এইরূপ ক্ষেত্রে তাঁর চাকুরীর শর্তাদি নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রণীতব্য আইন, আদেশ ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং

(চ) চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

৩। যদি উপরের শর্তাবলী তাঁদের নিকট গ্রহণযোগ্য হয় তা হলে তাঁদের-কে আগামী ২৩/০৭/২০১৫ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে তাঁর নামের পাশে বর্ণিত জেলার জেলা জজ এর নিকট যোগদান করবেন। সংশ্লিষ্ট জেলা জজ যোগদান পত্রের অনুলিপি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে প্রেরণ করবেন। নির্ধারিত তারিখে চাকুরীতে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত হননি মর্মে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এই আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাঃ
(উম্মে কুলসুম)
উপ-সচিব(প্রশাসন)
ফোনঃ ৯৫৪০৮৮২
১৮ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ

নং-১০.০০.০০০০.১২৫.০১১.০০২.১৪-৪৭৪/১(১৬)

তারিখঃ ------------------
০২ জুলাই ২০১৫খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/স্বরাষ্ট্র মন্ত্রণালয়/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়/সেগুনবাগিচা, ঢাকা।
৫। রেজিষ্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬। জেলা জজ, নাটোর/নওগাঁ
সংশ্লিষ্ট নবনিযুক্ত সহকারী জজ এর যোগদানপত্রের অনুলিপি জরুরী ভিত্তিতে অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। যদি তিনি যোগদান না করেন তাও মন্ত্রণালয়কে জানানোর জন্য অনুরোধ করা হলো।
৭। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনষ্টিটিউট ভবন,১৫ কলেজ রোড, ঢাকা।
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১০। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-২/৩/৪/৫/৮, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, কক্ষ নং ৫০৩, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
১২। উপ-নিয়ন্ত্রক, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো।
১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নাটোর/ নওগাঁ।
১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬। জনাব মোঃ সোয়েবুর রহমান, পিতাঃ মোঃ মোসলেম উদ্দিন
স্থায়ী ঠিকানা- গ্রাম+থানা+পোষ্ট-তাড়াশ, জেলা-সিরাজগঞ্জ।
বর্তমান ঠিকানা- ৫/বি ঝিগাতলা, ৫ম তলা, ঝিগাতলা, ধানমন্ডি, ঢাকা-১২০৯।
১৭। বেগম তাসনীম আলম তাবাসসুম, পিতাঃ এ.কে.এম. শামসুল আলম
স্থায়ী ও বর্তমান ঠিকানা- ৮৭, প্রবাস ভবন, বিনোদপুর বাজার, মতিহার, রাজশাহী, ৬২০৬।

(উৎপল চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৬০১ (অঃ)